66

আজকের কাগজ

তারিখ 05-AUG-1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

বিশ্বব্যাংকের প্রতিবেদন

# বিশ্ববিদ্যালয় শিক্ষা সম্পূর্ণ সরকারি ভর্তুকি নির্ভর

রুহুল মতিন ঃ বাংলাদেশের বিশ্ববিদ্যালয় শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ সরকারি ভর্তুকিনির্ভর ও এখানে লেখাপড়ার খরচ খুব বেশি হলেও প্রতিবছর যেসব গ্রাজুয়েট পাস করে বেরুচ্ছে, তারা গুণগত দিক থেকে অত্যন্ত নিম্নমানের। মানবিক বিভাগগুলোর ক্ষেত্রে এ সমস্যা আরো বেশি প্রকট। সম্প্রতি বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া বিভাগ এ তথ্য প্রকাশ করেছে।

বিশ্বব্যাংক প্রকাশিত এ রিপোর্টে দেখা গেছে, বিশ্ববিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে মেয়েরা অনেক পিছিয়ে আছে। ১৯৯৩ সালের তথ্যানুযায়ী সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে প্রতি ১০০ জন ছাত্রের অনুপাতে ছাত্রী সংখ্যা হচ্ছে মাত্র ৩০। এখানকার শিক্ষা প্রদান ও বাহ্যিক সুযোগ-সুবিধা অত্যন্ত নিম্নমানের ও অপ্রতুল। এছাড়া ক্যাম্পাসগুলোতে রাজনৈতিক সন্ত্রাস একটা ব্যাধি হিসেবে ছড়িয়ে পড়েছে। এখানে বিশ্ববিদ্যালয় গ্রান্ড কমিশন বিশ্ববিদ্যালয় ও সরকারের মধ্যেকার একটা যোগসূত্র হিসেবে কাজ করলেও উচ্চশিক্ষার ক্ষেত্রে কোনো দীর্ঘমেয়াদী পরিকল্পনা ও নীতিমালা নেই।

বিশ্বব্যাংক এ সমস্যা উত্তরণের জন্যে সরকারি ভর্তুকিনির্ভর বিশ্ববিদ্যালয়গুলোতে বাস্তবানুগ শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের সুপারিশ করে বলেছে, যাদের সামর্থ রয়েছে তাদের নিকট থেকে বেশি টাকা নেয়া হোক আর দরিদ্র ছাত্রছাত্রিদেরকে বৃত্তি প্রদান করা হোক, জাতীয় উন্নয়নের সঙ্গে সম্পৃক্ত বিভাগগুলোর প্রতি বেশি গুরুত্ব দেয়া হোক। বিশ্বব্যাংক এ সমস্যা উত্তরণের জন্যে রাজনৈতিক দলগুলোর মধ্যে সমঝোতার ভিত্তিতে সন্ত্রাস ও নৈরাজ্য নির্মূলের উপর গুরুত্ব দিয়ে বলেছে, সুষ্ঠু নীতিমালা প্রণয়ন ছাড়া বাংলাদেশে উচ্চশিক্ষা অর্থহীন।